



গণ বিশ্ববিদ্যালয়ে বিশ্ব মেধাস্বত্ব দিবস উদযাপন



ছবি: প্রতিনিধি

গণ বিশ্ববিদ্যালয়ে বিশ্ব মেধাস্বত্ব দিবস পালিত হয়েছে। এবারের প্রতিপাদ্য ছিল—‘মেধাস্বত্ব রক্ষা করি, উদ্ভাবনে এগিয়ে যাই; ক্রীড়াই প্রযুক্তি, উন্নয়নে গতি’। রোববার (২৬ এপ্রিল) সকাল সাড়ে ৯টায় দিবসটি উপলক্ষে ক্যাম্পাসে একটি বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাশিওরেন্স সেল (আইকিউএসি)-এর আয়োজন করা এই র্যালিটি শুরু হয় মূল ফটক থেকে। পরে এটি ক্যাম্পাসের বিভিন্ন অংশ ঘুরে একাডেমিক ভবনের সামনে এসে শেষ হয়। র্যালিতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার মো. সিরাজুল ইসলাম, রেজিস্ট্রার মো. ওহিদুজ্জামান, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ওয়াহিদা জামান লস্কর, পরীক্ষা নিয়ন্ত্রক এ এস এম নোমান আলম, পরিচালক (অর্থ ও হিসাব) মো. আবদুল কাদের এবং আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক ও সহযোগী অধ্যাপক ড. মো. ফুয়াদ হোসেন। এছাড়াও বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা অংশ নেন। অনুষ্ঠানে বক্তারা বলেন, উদ্ভাবন ও সৃজনশীলতার অগ্রগতির জন্য মেধাস্বত্ব সম্পর্কে সচেতনতা বাড়ানো জরুরি। তারা আরও উল্লেখ করেন, টেকসই উন্নয়নের পথে এগিয়ে যেতে মেধাস্বত্ব সুরক্ষার সংস্কৃতি সমাজে আরও বিস্তৃত করা প্রয়োজন।